ট্রেনিং ইনস্টিটিউট
পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
গণকবাড়ী, সাভার, ঢাকা- ১৩৪৯।
ফোনঃ ৮৮-০২-৯৯৬৬৮৯৪৯৩; ই-মেইলঃ ti_baec@yahoo.com

নং ঃ ৩৯.০১.২৬৭২.২১৭.২৫.০৬৫.১৯/৫২ তারিখঃ ১৪-০৯-২০২২ খ্রি.

# বিজ্ঞপ্তি

বিষয় ঃ "Training Course on PPR-2008 and Public Procurement Management"-শীর্ষক প্রশিক্ষণ কোর্সের জন্য প্রশিক্ষণার্থীদের মনোনয়ন আহ্বান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান (এইআরই)- এ অবস্থিত ট্রেনিং ইনষ্টিটিউটে আগামী ১০ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখ হতে "Training Course on PPR-2008 and Public Procurement Management'' শিরোনামে ০২ (দুই) সপ্তাহব্যাপী (১০-২০ অক্টোবর, ২০২২ খ্রি.) একটি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হতে যাচ্ছে।

উল্লিখিত কোর্সে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের বিভিন্ন ইনস্টিটিউট/ইউনিট/কেন্দ্র/বিভাগ-এ কর্মরত দরপত্র/প্রকল্প/প্রকিউরমেন্ট কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের কাছ থেকে মনোনয়ন আহবান করা যাচ্ছে। নিম্নের ছক মোতাবেক প্রশিক্ষণার্থীর সদ্য তোলা একখানা পাসপোর্ট সাইজের ছবিসহ প্রয়োজনীয় তথ্য সম্বলিত সংক্ষিপ্ত বায়োডাটা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে **আগামী ২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রি.** তারিখের মধ্যে ট্রেনিং ইনস্টিটিউট, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, গণকবাড়ী, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর হার্ডকপি এবং সফ্‌টকপি (ই-মেইলঃ ti_baec@yahoo.com) প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকল পরিচালক/ভারপ্রাপ্ত পরিচালক/বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।

## প্রশিক্ষণার্থীর তথ্য ছক

| ক্রঃনং | মনোনীত প্রশিক্ষণার্থীর নাম | ইংরেজী ঃ<br>বাংলা ঃ |
|---|---|---|
| ১। | পদবী/গ্রেড | |
| ২। | চাকুরীতে যোগদানের তারিখ | |
| ৩। | কর্মস্থলের পূর্ণাঙ্গ ঠিকানা | |
| ৪। | মোবাইল | |
| ৫। | ই-মেইল | |
| ৬। | বেতনক্রম | |
| ৭। | শিক্ষাগত যোগ্যতা | |
| ৮। | পূর্ব প্রশিক্ষণের বিবরণ | |

## অত্র কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীদের জন্য জ্ঞাতব্য বিষয়সমূহঃ

১। বর্ণিত কোর্সে অংশগ্রহণের জন্য কোন প্রকার কোর্স ফি প্রদান করতে হবে না।

২। প্রশিক্ষণার্থীকে অবশ্যই ৬ষ্ঠ হতে ১০ গ্রেডের কর্মকর্তা এবং দরপত্র/প্রকল্প/প্রকিউরমেন্ট কাজের সাথে সংশ্লিষ্ট হতে হবে।

তবে উক্ত কাজের সাথে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/অ্যাকাউন্ট্যান্ট/সমমানের কর্মচারীগণও আবেদন করতে পারবেন।

৩। ট্রেনিং ইনস্টিটিউটে আগত প্রশিক্ষণার্থীকে কোন ধরনের টিএ/ডিএ/সম্মানী দেয়া হবে না। প্রশিক্ষণার্থীগণ স্ব-স্ব কেন্দ্র প্রতিষ্ঠান হতে প্রচলিত বিধি মোতাবেক টিএ/ডিএ/সম্মানী ইত্যাদি ভাতা গ্রহণ করতে পারবেন।

অ: পৃ: দ্রঃ

৪। প্রশিক্ষণ চলাকালীন সকল প্রশিক্ষণার্থী ট্রেনিং ইনস্টিটিউট এর ডরমিটরিতে থাকা আবশ্যক। তবে প্রশিক্ষণার্থীদের নিজ খরচে খাবারের ব্যবস্থা করতে হবে।

৫। সাপ্তাহিক ছুটি ও অন্যান্য ছুটির দিন ব্যতিরেকে প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চলবে এবং প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে সকল ক্লাশে উপস্থিত থাকা ও পরীক্ষায় অংশ গ্রহণ করা বাধ্যতামূলক।

৬।প্রশিক্ষণার্থীকে নিজ নিজ কেন্দ্র/প্রতিষ্ঠান হতে ছাড়পত্র আনতে হবে এবং ছাড়পত্র জমা দিয়ে কোর্স শুরুর আগের দিন বা কোর্স শুরুর দিন রেজিষ্ট্রেশন করতে হবে।

৭। প্রশিক্ষণের উপযোগিতা নিরীখে ট্রেনিং ইনস্টিটিউট প্রশিক্ষণার্থীর চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে।

৮। প্রশিক্ষণ চলাকালীন সময়ে সর্বক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারি করা হলো।

১৪।০৭।২২

(ড. আনন্দ কুমার দাস)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক

বিতরণঃ

পরিচালক/ভারপ্রাপ্ত পরিচালক/প্রধান.............................................................................।

সদয় জ্ঞাতার্থেঃ

১। চেয়ারম্যান, বাপশক, ঢাকা।
২। সদস্য (জীব-বিজ্ঞান), বাপশক, ঢাকা।
৩। সদস্য (প্রকৌশল), বাপশক, ঢাকা।
৪। অর্থ উপদেষ্টা, বাপশক, ঢাকা।
৫। সচিব, বাপশক, ঢাকা।
৬। মহা-পরিচালক, এইআরই, সাভার, ঢাকা।